# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 08-03-2026** **Time: 1.30 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ বলেছেন, উদ্যোক্তা হোক বা কর্পোরেট জগৎ সকল ক্ষেত্রেই আজ নারীরা নেতৃত্ব দিচ্ছে।

দেশজুড়ে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ পালিত হচ্ছে আন্তর্জাতিক নারী দিবস।

রাষ্ট্রপতি, উপ-রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী সহ শুভেচ্ছা জানিয়েছেন বহু বিশিষ্ট ব্যক্তিত্ব।

নারী ও শিশু কল্যাণ মন্ত্রক দিল্লিতে শক্তি পদযাত্রার আয়োজন করেছে।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নতুন দিল্লির সরোজিনীনগরে আবাসন প্রকল্পের বাড়ির চাবি মহিলা সুবিধা প্রাপকদের হাতে তুলে দিয়েছেন।

৩) লক্ষ্য পূরণ না হওয়া পর্যন্ত ইরান আক্রমণ চলবে বলে জানিয়েছেন ইজরায়েলের প্রধানমন্ত্রী বেনঞ্জামিন নেতানিয়াহু।

ইজরায়েলের হাইফা তৈল সংশোধনাগার ও নৌঘাঁটিতে হামলা চালানোর দাবি করেছে ইরান।

৫২ হাজার ভারতীয়কে দেশে ফিরিয়ে আনা হয়েছে বলে জানিয়েছে বিদেশমন্ত্রক।

৪) আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আজ পশ্চিমবঙ্গে আসছে।

৫) রাজ্যের ৯টি জায়গা থেকে আজ আরও এক দফায় বিজেপির পরিবর্তন যাত্রার সূচনা। যোগ দিচ্ছেন কেন্দ্রীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রীরা।

৬) বিশ্বকাপ টি-টোয়েন্টি ক্রিকেট প্রতিযোগিতার ফাইনালে ভারত আজ নিউজিল্যান্ডের মুখোমুখি হবে।

oooooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে নারীদের সমান সুযোগ এবং সহায়তা দেওয়া হলে, তারা প্রতিটি ক্ষেত্রেই শ্রেষ্ঠত্ব অর্জন করতে পারে। আজ নতুন দিল্লিতে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে এক অনুষ্ঠানে ভাষনে রাষ্ট্রপতি বলেন যে, উদ্যোক্তা হোক বা কর্পোরেট জগত, সকল ক্ষেত্রেই নারীরা নেতৃত্ব দিচ্ছেন। ভারত দ্রুত নারী নেতৃত্বাধীন উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছে এবং কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণ বৃদ্ধি পেয়েছে। রাষ্ট্রপতি বলেন বেটি বাঁচাও বেটি পড়াও, প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা এবং মিশন শক্তির মতো প্রকল্পগুলি নারীর ক্ষমতায়নের দিকে উল্লেখযোগ্য পদক্ষেপ

রাষ্ট্রপতি উল্লেখ করেন যে, শিক্ষায় নারীর অংশগ্রহণ বৃদ্ধি পাচ্ছে এবং দেশ স্কুল শিক্ষায় লিঙ্গ সমতা অর্জন করেছে। দেশের কন্যারা খেলাধুলাতেও অসাধারণ পারফর্ম করছে।

(বাইট - দ্রৌপদী মুর্মু)

অনুষ্ঠানে বক্তব্য রাখেন নারী ও শিশু কল্যাণ মন্ত্রী অন্নপূর্ণা দেবী। তিনি বলেন, যে আন্তর্জাতিক নারী দিবস নারীদের দৃঢ় সংকল্প, নিষ্ঠা এবং কৃতিত্ব উদযাপন করে, যা একটি উন্নত ভারতের ভিত্তি তৈরি করে। মন্ত্রী বলেন, একজন নারী সুযোগ পেলে, অনেক উচ্চতায় পৌঁছান এবং সমগ্র সমাজের অগ্রগতির পথ প্রশস্ত করেন। তিনি বলেন, বেটি বাঁচাও বেটি পড়াও প্রকল্প নারীদের জীবন বদলে দিয়েছে। এটা গর্বের বিষয় যে নারীরা জাতিকে উন্নত ভারত গঠনে নেতৃত্ব দিচ্ছেন।

(বাইট - অন্নপূর্ণা দেবী)

**oooooooooooooooooooooo**

আজ আন্তর্জাতিক নারী দিবস। এ বছর এই দিবসের মূল ভাবনা হোল "সব মহিলা ও শিশুকন্যাদের জন্য অধিকার, ন্যায়বিচার এবং যথাযথ ব্যাবস্থাগ্রহন”।

জাতি, ভাষা, সংস্কৃতি, অর্থনীতি এবং রাজনীতির সীমানা পেরিয়ে নারীদের সাফল্যের স্বীকৃতি দিতে এই দিবস উদযাপন করা হয়। ১৯৭৭ সাল থেকে রাষ্ট্রসংঘ লিঙ্গ সমতার লক্ষ্যে এই দিনটি পালন করে আসছে।

oooooooooooooooooooooo

উপ-রাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণন আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে সকল নারীকে শুভেচ্ছা জানিয়ে বলেছেন, নারীর শক্তি ও সহনশীলতা সমাজ এবং জাতির ভবিষ্যৎকে গড়ে তুলছে। ।

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

ooooooooooooooooooooo

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে আজ নতুন দিল্লিতে শক্তি পদযাত্রা অনুষ্ঠিত হয়েছে। নারী ও শিশু কল্যাণ মন্ত্রকের উদ্যোগে আয়োজিত এই পদযাত্রায় কেন্দ্রীয় নারী ও শিশুকল্যাণ মন্ত্রী অন্নপূর্ণা দেবী, প্রতিমন্ত্রী সাবিত্রী ঠাকুর এবং দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তাসহ অনেকে অংশ নেন।

অন্নপূর্ণা দেবী বলেন, সমাজের বিভিন্ন ক্ষেত্রের নারীরা এতে অংশ নিয়েছেন, যা নারী নেতৃত্বে সমাজের অগ্রগতির দিকটি তুলে ধরে । তিনি আরও বলেন, বিকশিত ভারতের লক্ষ্যে নারীরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন।

দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা বলেন, স্টার্টআপ থেকে মহাকাশ অভিযান , সব ক্ষেত্রেই নারীরা সক্রিয়।

ইন্ডিয়া গেট থেকে বিজয় চৌক পর্যন্ত কর্তব্য পথ হয়ে প্রায় দু' কিলোমিটার এই শক্তি পদযাত্রা আয়োজিত হয়।

ooooooooooooooooooooooo

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রক আজ কলকাতায় ফিট ইন্ডিয়া পিঙ্ক সাইক্লোথনের আয়োজন করে। ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডভিয়া এই সাইকেল র‍্যালির উদ্বোধন করেন। তিনি বলেন,এই ধরনের উদ্যোগ নাগরিকদের মধ্যে ফিটনেস এবং সম্মিলিত দায়িত্বের সংস্কৃতি গড়ে তুলতে সাহায্য করে। সুস্থ জীবনধারা বজায় রাখতে এবং স্বচ্ছ পরিবেশ গড়ে তুলতে সাইক্লিংকে একটি সহজ ও কার্যকর উপায় হিসেবে গ্রহণ করার জন্য তিনি সবাইকে আহ্বান জানান। খেলাধুলা ও জনজীবনে মহিলাদের অংশগ্রহণের গুরুত্ব তুলে ধরে মন্ত্রী

জানান,নারীর ক্ষমতায়নের অর্থ সমাজের ক্ষমতায়ন। নারীর ক্ষমতায়ন হলে তবেই পরিবার ও সমাজ সমৃদ্ধ হয়। ক্রীড়া ক্ষেত্রে মহিলাদের আরও বেশি উৎসাহ এবং সুযোগ প্রদানের জন্য তিনি আহ্বান জানান। অর্জুন পুরস্কার প্রাপ্ত অলিম্পিয়ান বোম্বাইলা দেবী লইশরাম,ভারত স্কাউটস এর মুখ্য কমিশনার অবিনাশ কুমার গুপ্ত, মাউন্ট এভারেস্ট শৃঙ্গজয়ী পিয়ালী বসাক প্রমূখ এই সাইক্লোথনে অংশ নেন।

oooooooooooooooooooooo

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা দেশবাসীকে আন্তর্জাতিক নারী দিবসের শুভেচ্ছা জানিয়েছেন। দিল্লীতে আজ মহিলাদের এক বাইক র‍্যালির সূচনা করে ওম বিড়লা বলেন, স্বাধীনতা আন্দোলন থেকে শুরু করে আধুনিক ভারতের পুনর্গঠনের প্রতিটি ক্ষেত্রে মহিলারা সুদক্ষ নেতৃত্ব দিয়েছেন। বর্তমানে দেশে পঞ্চায়েত থেকে সংসদ পর্যন্ত বিভিন্ন স্তরে মহিলারা নেতৃত্ব দিচ্ছেন এবং দেশের উন্নয়নের সুদৃঢ় স্তম্ভ হয়ে উঠছেন।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দিল্লীর সরোজিনী নগরে জনসাধারণের জন্য আবাসন প্রকল্প General Pool Residential Accommodation GPRA পরিদর্শন করে মহিলা সুবিধাপ্রাপকদের হাতে বাড়ির চাবি তুলে দেন। শ্রমজীবীদের সঙ্গে আলাপচারিতায় সামিল হন তিনি। প্রধানমন্ত্রী জিপিআরএ পুনর্বিকাশ প্রকল্পের আওতায় প্রায় ১৫ হাজার ২০০ কোটি টাকার একাধিক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। সরোজিনী নগর, নেতাজী নগর, কস্তুরবা নগর ,শ্রীনিবাস পুরী সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকায় ছড়িয়ে থাকা এই প্রকল্পগুলি সরকারি কর্মচারী ও প্রশাসনিক দফতরগুলির জন্য আধুনিক পরিকাঠামো গড়ে তোলার লক্ষ্যে সরকারের উচ্চাভিলাষী কর্মসূচির অংশ।

সরকারি কোষাগারের উপর অতিরিক্ত চাপ যাতে না পড়ে সেজন্য উদ্ভাবনী স্বনির্ভর আর্থিক মডেলের মাধ্যমে এই প্রকল্পগুলির পুনর্বিকাশ করা হয়েছে। এই মডেলের আওতায় প্রকল্প এলাকার একটি অংশ বাণিজ্যিক ও আবাসিক ব্যবহারের জন্য দিয়ে আয়ের সংস্থান করা হচ্ছে। সেই অর্থ আধুনিক সরকারি আবাসন, সহায়ক পরিকাঠামো নির্মাণ এবং বিভিন্ন পরিষেবা উন্নয়নের কাজে ব্যয় করা হচ্ছে। পুনর্বিকাশ পরিকল্পনার মাধ্যমে সরকারি কর্মচারীদের জন্য ৯ হাজার

৩৫০টিরও বেশি আধুনিক ফ্ল্যাট তৈরি হবে এবং প্রায় ৪৮ লক্ষ বর্গফুট অফিস পরিসর গড়ে তোলা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী আজ দিল্লী মেট্রোর ১৮ হাজার ৩০০ কোটি টাকা মূল্যের প্রকল্পের সূচনা করার কথা। এই প্রকল্পে দিল্লী মেট্রোর দুটি করিডর অন্তর্গত। একটি হল মজলিস পার্ক থেকে মৌজপুর - বাবরপুর পর্যন্ত বিস্তৃত ১২ দশমিক ৩ কিলোমিটার  পিঙ্ক লাইন। অন্যটি দিপালীচক থেকে মজলিস পার্ক পর্যন্ত দীর্ঘ মেজেন্ডা লাইন। দ্বিতীয় করিডরটির দৈর্ঘ্য ৯ দশমিক ৯ কিলোমিটার। এই দুটি নতুন করিডর শুরু হওয়ায় দিল্লার বুরারি, জগৎপুর, ওয়াজিরাবাদ, খাজুরিখাস, ভজনপুরা, যমুনাবিহার, মধুবনচক, হায়দারপুর মোড়, ভালাসওয়া, মজলিসপার্ক এলাকার বাসিন্দারা বিশেষভাবে উপকৃত হবেন।

এছাড়াও তিনি দিল্লী মেট্রোর ফেজ ফাইভের ১৬ কিলোমিটার বিস্তৃত তিনটি নতুন করিডরের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম এশিয়ার সঙ্কট আজ নবম দিনে পড়ল। মার্কিন ইজরায়েল যৌথ বাহিনীর আকাশপথে আক্রমণ যথারীতি অব্যাহত আছে। সমান তালে চলছে ইরানের প্রতিরোধ। ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু সামাজিক মাধ্যমে জানিয়েছেন, লক্ষ্য সফল না হওয়া পর্যন্ত এই আক্রমণ বন্ধ হবে না। ইজরায়েলের সাফল্য গোটা বিশ্বে  পারমাণবিক যুদ্ধের আশঙ্কাকে নির্মূল করবে। গতরাতে ইজরায়েলি প্রতিরক্ষা বাহিনী আইডিএফ ইরানের পারচিন ও শাহরুদের ক্ষেপনাস্ত্র তৈরির কারখানায় হামলা চালায়। আইডিএফ জানিয়েছে, তাদের লক্ষ্য ছিল ইরানের ক্ষেপনাস্ত্র উৎপাদনের ক্ষমতাকে নিষ্ক্রিয় করা।

এদিকে, ইরানের ইসলামিক রেভলিউশনারি গার্ড কোর আইআরজিসি দাবি করেছেন, তারা ইজরায়েলের হাইফা তৈল সংশোধনাগার ও খাইবারশেকানে সফল আক্রমণ হানতে সক্ষম হয়েছে। ইরানের সমর্থক হেজবুল্লা গোষ্ঠীও হাইফার নৌ ঘাঁটিতে হামলা চালিয়েছে বলে দাবি করেছে।

উল্লেখ্য, ইরানের রাষ্ট্রপতি মাসৌদ পেজেস্কিয়ান আগেই জানিয়েছিলেন, নিঃশর্ত আত্মসমর্পনের কোনো প্রশ্নই নেই। তবে তিনি প্রতিবেশী রাষ্ট্রগুলির ওপর আক্রমণ চালানোর জন্য ক্ষমা প্রার্থনা করেছেন। তিনি বলেছেন, নিতান্ত ভুল বোঝাবুঝির কারণে এই ঘটনা ঘটেছে।

**ooooooooooooooooooooooo**

পশ্চিম এশিয়ার উদ্ভূত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে বিদেশ মন্ত্রক, আবারও প্রবাসী ভারতীয়দের দূতাবাসের গাইডলাইন কঠোরভাবে মেনে চলার নির্দেশিকা জারি করেছে। তারা প্রয়োজন পড়লে হেল্পলাইনের সাহায্য নিতে পারবেন। ইতোমধ্যে ৫২ হাজার ভারতীয়কে বিশেষ উড়ানে দেশে ফিরিয়া আনা সম্ভব হয়েছে। পয়লা মার্চ থেকে গতকাল পর্যন্ত ৩২ হাজারেরও বেশি ভারতীয় বিমান যোগে দেশে ফিরেছে।

**ooooooooooooooooooooooo**

রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আজ এরাজ্যে আসছেন। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে পূর্ণাঙ্গ বেঞ্চ আজ রাত সওয়া ৮ টা নাগাদ কলকাতা বিমানবন্দরে পৌঁছবেন। বিমানবন্দরে মুখ্য নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশনার সহ পূর্নাঙ্গ বেঞ্চকে স্বাগত জানাবেন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল ও অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী। আগামীকাল সকাল ১০ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত নির্বাচন কমিশন এরাজ্যের স্বীকৃত রাজনৈতিক দলগুলির সঙ্গে বৈঠকে বসবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন।

ওই বৈঠকে যোগদানের জন্য ইতিমধ্যে সংশ্লিষ্ট দলগুলিকে আমন্ত্রণ পাঠানো হয়েছে। ঐদিন সকাল ১০ টা থেকে ১২ টা পর্যন্ত প্রতিটি রাজনৈতিক দলের জন্য ১৫ মিনিট করে সময় বরাদ্দ করা হয়েছে। ওইদিন কমিশনের প্রতিনিধিরা আইন বলবৎকারী সংস্থাগুলির নোডাল অফিসরাদের সঙ্গে বৈঠক করবেন। পাশাপাশি নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করতে রাজ্য পুলিশের IG, বিভিন্ন রেঞ্জের DIG, পুলিশ কমিশনার, জেলা নির্বাচনী আধিকারিক ও পুলিশ সুপারদের সঙ্গে আলোচনায় বসবেন।

আগামী মঙ্গলবার ১০'ই মার্চ নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ রাজ্যের মুখ্য সচিব, মুখ্য নির্বাচনী আধিকারিক, রাজ্য পুলিশের ডিজি, SPNO, কেন্দ্রীয় বাহিনীর নোডাল অফিসার সহ প্রশাসনের বরিষ্ঠ আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন। ওইদিনই বুথ লেভেল আধিকারিকদের সঙ্গেও তাঁদের মতবিনিময় করার কথা।

এদিকে, মুখ্য নির্বাচন কমিশনার আসার আগেই আজ দিল্লি থেকে কলকাতায় পৌছবেন সিনিয়ার ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল'ও। ওই দলে থাকছেন প্রিন্সিপাল সেক্রেটারি এস বি যোশী, ডিরেক্টর মনোজ সী ও ডেপুটি সেক্রেটারি অভিনব আগরওয়াল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপির পরিবর্তন যাত্রা কর্মসূচিতে আজ ৯টি জায়গায় সভা হবে। প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী, **বিজেপি সাংসদ অনুরাগ ঠাকুর** আজ দুপুরে নৈহাটিতে পরিবর্তন যাত্রা ও জনসভায় উপস্থিত থাকবেন। **কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র দুবে** দুপুর তিনটের সময় পুরুলিয়ার মানবাজারে পরিবর্তন যাত্রা এবং জনসভায় অংশ নেবেন। অপর **কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বি এল ভার্মা** বিকেল পাঁচটায় কালনায় পরিবর্তন যাত্রায় যোগদান করবেন ও জনসভায় বক্তব্য রাখবেন। অন্যদিকে বিহারের **উপমুখ্যমন্ত্রী সম্রাট চৌধুরী** জলপাইগুড়ির মাল বিধানসভা কেন্দ্রে পরিবর্তন যাত্রা ও জনসভায় অংশ নেবেন। সবকটি কর্মসূচিতেই উপস্থিত থাকবেন বিজেপির রাজ্য নেতৃত্ব।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় তদন্ত ব্যুরো - সিবিআই শিল্পপতি অনিল আম্বানিসহ কয়েকজনের বিরুদ্ধে ব্যাংক ঋণ জালিয়াতির মামলা রুজু করেছে। পাঞ্জাব ন্যাশনাল ব্যাংকের এক ম্যানেজারের অভিযোগের ভিত্তিতে এই মামলা দায়ের করা হয়েছে। ২০১৩ থেকে ২০১৭ সালের মধ্যে অনিল আম্বানি এবং তাঁর সহযোগীরা ব্যাংক থেকে এক হাজার কোটিরও বেশি টাকা প্রতারণার মাধ্যমে আত্মসাৎ করেছেন বলে অভিযোগ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আইসিসি পুরুষদের টি-টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেটের ফাইনালে, গতবারের চ্যাম্পিয়ন ভারত আজ নিউজিল্যান্ডের মুখোমুখি হবে। আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা

৭টায়। তৃতীয় বার বিশ্বকাপ দখলের লক্ষ্যে ভারত আজ চতুর্থ ফাইনালে নামছে। অন্যদিকে, প্রথমবার কাপ জয়ের লক্ষ্যে নিউজিল্যান্ড দ্বিতীয়বার ফাইনাল খেলবে।

কোলকাতায় প্রথম সেমিফাইনালে নিউজিল্যান্ড দক্ষিণ আফ্রিকাকে নয় উইকেটে হারিয়ে দেয়। মুম্বাইয়ে দ্বিতীয় সেমিফাইনালে ভারত সাত রানে ইংল্যান্ডকে হারিয়ে ফাইনালের ওঠে।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooo